

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
ইনোভেশন টিম

ইনোভেশন টিমের গত ০৬/০৮/২০১৯ তারিখের সভার কার্যবিবরণী

সভাপতি	সুলতানা আফরোজ অতিরিক্ত সচিব
সভার তারিখ	০৬/০৮/২০১৯
সভার সময়	বেলা ২:৩০ টা
স্থান	রুম নং ০৭, রুম নং-১৫ (কনফারেন্স রুম, জাতিসংঘ অনুবিভাগ), ইআরডি
উপস্থিতি	সংযোজনী-ক

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) পুনঃগঠিত ইনোভেশন টিমের সভা চিফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব মিজ সুলতানা আফরোজ এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। তিনি পুনর্গঠিত ইনোভেশন টিমের সকল সদস্যকে স্বাগত শুভেচ্ছা জানান। এ বিভাগের সিনিয়র সিস্টেমস এনালিস্ট জনাব মোঃ আবদুস ছোবহানকে চিফ ইনোভেশন অফিসার বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর প্রথম কোয়ার্টারে করণীয় বিষয়সমূহ উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- (১) পারস্পরিক সম্পর্ক জোরদার ও বৈদেশিক সাহায্য আহরণে আরও গতি সঞ্চালকপূর্বক এসডিজি বাস্তবায়নে ইআরডি-কে আরও কার্যকর ও গতিশীল করার মানসে ইআরডি, উন্নয়ন সহযোগী ও বিদেশী বিভিন্ন দেশের হাই কমিশন ও এ্যাম্বাসীসমূহকে একই নেটওয়ার্কের আওতায় আনার জন্য একটি সফটওয়্যার তৈরী করতে হবে;
- (২) ইআরডি'র সকল অনুবিভাগ প্রধানের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে উদ্ভাবনী আইডিয়া চেয়ে সকল কর্মকর্তাদের নিকট পত্র প্রেরণ করতে হবে;
- (৩) উদ্ভাবন ধারণাসমূহ পাওয়ার পর বাছাইপূর্বক ধারণাসমূহ নিয়ে একটি কর্মশালা আয়োজন করতে হবে। উক্ত কর্মশালায় উইং ভিত্তিক বাছাই করা আইডিয়া উপর প্রেজেন্টেশন দিতে হবে। চূড়ান্তভাবে বাছাই করা একটি আইডিয়ার উদ্ভাবককে পুরস্কার স্বরূপ বিদেশে প্রেরণ করতে হবে;
- (৪) ইনোভেশন টিমের সদস্য ও মেন্টরদের জন্য দুই দিনের প্রশিক্ষণ আয়োজন করতে হবে। ঢাকার বাহিরে সিলেট/কক্সবাজার এর কোন উন্নত হোটেলে প্রশিক্ষণ আয়োজন করতে হবে। K4DM প্রকল্প ও ইআরডি যৌথভাবে উক্ত প্রশিক্ষণের অর্থায়ন করতে পারে। অংশগ্রহণকারী কর্মকর্তাদের যাতায়াত খরচ ও দৌনিক ভাতা রাজস্ব বাজেট থেকে প্রাধীকার অনুযায়ী প্রাপ্য হবেন। ভেনু খরচ K4DM থেকে বহন করতে হবে;

(৫) International Gesture, Posture, Dress Code, Table manners ইত্যাদি

বিষয়াদির উপর কর্মশালা আয়োজন করতে হবে;ও

(৬) অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মাসিক সমন্বয় সভা ও জ্ঞান ব্যবস্থাপনা কোষের সভায় অংশগ্রহনকারীকে দাপ্তরিক পোষাক পরিধান করার বিষয়ে সচিব মহোদয়ের সাথে আলোচনা করে সিদ্ধান্ত নিতে হবে।

(৭) এ বিভাগের পরিষ্কার-পরিচ্ছতা আরও সুদৃঢ় করার মানসে outsourcing এর মাধ্যমে একটি টেকসই dedicated system চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগকে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে পুনরায় ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



সুলতানা আফরোজ  
অতিরিক্ত সচিব


স্মারক নম্বর: ০৯.০০.০০০০.২৫২.১৬.০০২.১৯.২১

তারিখ: ১০ ভাদ্র ১৪২৬

২৫ আগস্ট ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ২) ইনোভেশন টিম
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, উইং ৪: জাতিসংঘ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ



মোঃ আবদুস ছোবহান  
সিনিয়র সিস্টেমস এনালিস্ট